

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৫৮.১৪-৪৪০

তারিখঃ ১২-১০-২০১৫ খ্রিঃ

জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
মাদারীপুর।

বিষয়ঃ এককালীন আনুতোষিক ও মাসিক অবসর ভাতা মঞ্জুরী।

জনাব,

আমি আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, মাদারীপুর জেলার প্রাক্তন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জনাব নিমাই চন্দ্র ঘোষ-কে গত ২২-০১-২০১৪ খ্রিঃ তারিখে সরকারী চাকরি হতে অবসর দেওয়া হয়। তার এককালীন আনুতোষিক ও মাসিক অবসরভাতা নির্ধারিত পেনশন ফরমে (ফরম-২.১) যথাযথ কর্তৃপক্ষ মঞ্জুর করেছে।

২। জনাব নিমাই চন্দ্র ঘোষ-এর মূলবেতন ২২,৭০০/- টাকা এবং ২০% মহার্ঘভাতা হিসেবে ৪,৫৪০/- টাকা নির্ধারিত হয়েছে। সে হিসেবে তাঁর মোট বেতন (২২,৭০০+৪,৫৪০) = ২৭,২৪০/- টাকা। উক্ত টাকার ৮০% হিসেবে অবসর ভাতা ২১,৭৯২/- টাকা। উহার ১ম অর্ধাংশের ১০,৮৯৬/- টাকার প্রতি টাকার বিপরীতে ২৩০/- টাকা হারে ২৫,০৬,০৮০/- (পঁচিশ লক্ষ ছয় হাজার আশি) টাকা এককালীন আনুতোষিক এবং ২য় অর্ধাংশ ১০,৮৯৬/- (দশ হাজার আটশত ছিয়ানব্বই) টাকা হারে মাসিক অবসরভাতা প্রাপ্য।

৩। এমতাবস্থায়, নিমাই চন্দ্র ঘোষ-এর অনুকূলে বিধি মোতাবেক পরিশোধ আদেশ (পিপিও) জারী করার জন্য নিম্নের কাগজপত্র এতৎসঙ্গে প্রেরণ করা হলোঃ

১	পেনশন ফরম ২.১ (ছবিসহ)	০১ (এক) সেট
২	ইএলপিসি (সংযোজনী-১)	০১ (এক) পাতা
৩	চাকরি বিবরণী	০৬ (ছয়) পাতা
৪	শেষ বেতনের প্রত্যয়নপত্র	০৫ (পাঁচ) পাতা
৫	পিআরএল-এর প্রজ্ঞাপনের কপি	০১ (এক) পাতা
৬	দায়িত্ব অর্পণ ও গ্রহণের কপি	০১ (এক) পাতা
৭	নাগরিকত্ব সনদ	০১ (এক) পাতা
৮	জাতীয় পরিচয়পত্রের কপি	০১ (এক) পাতা
৯	চাকরির নিয়োগপত্র	০২ (দুই) পাতা
১০	উপজেলায় মোতামেন সংক্রান্ত বিজ্ঞপ্তি	০৪ (চার) পাতা
১১	চাকরি স্থায়ীকরণ আদেশ	০১ (এক) পাতা
১২	এসএসসি সার্টিফিকেটের কপি	০১ (এক) পাতা
১৩	মোটর সাইকেল অগ্রিম পরিশোধের প্রত্যয়নপত্র	০১ (এক) পাতা
১৪	না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	০৩ (তিন) পাতা
১৫	নমুনা স্বাক্ষর ও হাতের পঁচ আঙ্গুলের ছাপ (সংযোজনী-৬)	০১ (এক) পাতা
১৬	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২)	০১ (এক) পাতা
১৭	বিভিন্ন কর্মস্থলের বিবরণী	০১ (এক) পাতা


৪। পিপিও জারীপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

অঃপঃদ্রঃ/২

৫। ভবিষ্যতে তার কাছে কোন সরকারী দেনা-পাওনার দাবী উত্থাপিত হলে তিনি তা বিধি মোতাবেক পরিশোধ করতে বাধ্য থাকবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে

আপনার একান্ত



(মোঃ শাহজাহান)

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)

ফোনঃ ৯৫৭০০৪০


asra@modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০৫৮.১৪-৪৪০/১(৭)

তারিখঃ ১২-১০-২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
ইহা তার ২১-০৯-২০১৫ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.০৭৩.১০-৯১৫ সংখ্যক পত্রের বরাতে।
- ২। উপসচিব (অডিট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মাদারীপুর।
- ৭। জনাব নিমাই চন্দ্র ঘোষ, প্রাক্তন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অবঃ), মাদারীপুর।
(স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ বিহাড়িয়া, পোঃ একতারপুরহাট, উপজেলাঃ খোকসা, জেলাঃ কুষ্টিয়া)।



(মোঃ শাহজাহান)

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।